গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী

নোটিশ : ৩৫- ২০২৫/শিকশি

১৯ আগস্ট ২০২৫ মঙ্গলবার

আগামীকাল ২০ আগস্ট ২০২৫ বুধবার ২৪ সফর ১৪৪৭ হিজরি পবিত্র আখেরী চাহার শম্বা [সোম্বা] উপলক্ষে এবং ২১ আগস্ট ২০২৫ বৃহস্পতিবার প্রধান শিক্ষকের সংরক্ষিত ছুটি থেকে ১ [এক] দিন ছুটিসহ মোট ২ [দুই] দিন বিদ্যালয় বন্ধ থাকবে। ২৪ আগস্ট ২০২৫ রবিবার থেকে যথারীতি ক্লাস চলবে।

আখেরী চাহার শম্বা ইসলামি দিবস। হিজরি বছরের সফর মাসের শেষ বুধবার এ দিবস পালিত হয়। আরবি ও ফারসি উভয় ভাষায়ই 'আখের' শব্দের অর্থ 'শেষ', আর ফারসিতে বুধবারকে বলা হয় 'চাহার শম্বে'। আমাদের প্রিয় নবী হযরত মুহম্মদ [স.] তাঁর জীবনের শেষ পীড়ায় আক্রান্ত হয়ে এদিন কিছুটা উপশম বোধ করে গোসল করেন এবং পথ্য গ্রহণ করেন। এ কারণে এ দিনকে একটি শুভদিন হিসেবে গণ্য করা হয় এবং মুসলমানরা এ দিবস উদযাপন করেন। উল্লেখ্য যে, নবীজী এর পরবর্তী রবীউল আও'য়াল মাসে ইন্তেকাল করেন।

বাংলাদেশে এদিন ঐচ্ছিক ছুটি থাকে এবং শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকে। পবিত্র এ দিনটিতে মুসলমানগণ নফল নামাজ আদায় করেন, নফল রোযা রাখেন ও দো'আ-জিকির করেন এবং দরিদ্রদের মধ্যে খাদ্য ও বস্ত্র বিতরণ করেন।

রহমানুর রহীম আল্লাহ আমাদের সহায় হউন।

আমিন।।

১৯.৮.২৫

মো. মোস্তাক হাবিব
প্রধান শিক্ষক
হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী

**প্রচার ও কার্যার্থে-**

১. সংশ্লিষ্ট সকল
২. সহকারী প্রধান শিক্ষক এবং সকল সিনিয়র ও সহকারী শিক্ষক, এই বিদ্যালয়
৩. ড. শাফিয়া আফরোজ সরওয়ার, সিনিয়র শিক্ষিকা, এই বিদ্যালয়
   [প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও অনলাইন প্রচার]
৪. অফিস সহকারী [নোটিশ খাতা ও নোটিশ বোর্ডে প্রচার]
৫. সকল শিক্ষার্থী, প্রথম থেকে দশম শ্রেণি